

AKASHVANI(AIR)

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 07-02-2026

Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের শেষ দিনও আজ সরকার ও বিরোধী পক্ষের বিধায়কদের বচসায় উত্তপ্ত হয়ে ওঠে।
- ২) রাজ্যে এস আই আর প্রক্রিয়ার শুনানি পর্ব আজ শেষ হওয়ার কথা থাকলেও একাধিক জেলা প্রশাসন এর মেয়াদ বৃদ্ধির আর্জি জানিয়েছে।
- ৩) বিজেপি তাদের সংকল্পপত্র বা নির্বাচনী ইস্টেহার প্রকাশের জন্য সর্বস্তরের মানুষের মতামত গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।
- ৪) সরকারী ও বে-সরকারী জমিতে গড়ে ওঠা বিভিন্ন জেলার আরও ১২-টি উদ্বাস্তু কলোনীকে স্বীকৃতি দিয়েছে রাজ্য সরকার।
- ৫) রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামীকাল দ্বিতীয় ছুগলী সেতু বা বিদ্যাসাগর সেতু সকাল ৬-টা থেকে সন্ধে ৬-টা পর্যন্ত বন্ধ থাকছে।
- ৬) শীতল হাওয়া প্রবেশের প্রেক্ষিতে রাজ্যজুড়ে ফের শীতের আমেজ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সপ্তদশ বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের শেষ দিনও আজ ক্ষমতাসীন তৃণমূল কংগ্রেস এবং বিরোধী বিজেপি বিধায়কদের বচসায় উত্তপ্ত হয়ে ওঠে। সংখ্যালঘু ইস্যুতে বিতর্কিত মন্তব্যের জেরে ‘স্বাধিকার ভঙ্গ’র নোটিশের প্রস্তাব দেওয়া হয় বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পালের বিরুদ্ধে। শাসক দলের পক্ষে শোভনদেব চট্টোপাধ্যায়, পুলক রায় এবং মলয় ভট্টাচার্য, ‘স্বাধিকার ভঙ্গ’র প্রস্তাব পেশ করলে বিজেপি বিধায়করা, প্রতিবাদে ওয়াকআউট করেন। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চায়েত স্তরে প্রশাসনিক স্থায়িত্ব ও সুষ্ঠু পরিষেবা নিশ্চিত করতে ত্রিস্তরীয় পঞ্চায়েতে শীর্ষ পদাধিকারীদের অপসারণ সংক্রান্ত নিয়মে বদল আনা হচ্ছে। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের একটি সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (সংশোধনী) বিল, ২০২৬ শীর্ষক ওই বিলে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের প্রধান পদাধিকারীদের অপসারণ সংক্রান্ত বৈঠক নির্বাচন হওয়ার পর প্রথম তিন বছরের মধ্যে ডাকা যাবে না বলে প্রস্তাব আনা হয়েছে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, গ্রামোন্নয়নের কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে সরকার নির্বাচিত সদস্যদের প্রশিক্ষণে সব থেকে বেশি গুরুত্ব আরোপ করছে। ইন্ডিয়া ইনসিটিউট অফ ম্যানেজমেন্টের সঙ্গে পৃথক সেল করে তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আলোচনার শেষে বিলটি ধ্বনি ভোটে সভায় গৃহীত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ভোটার তালিকার বিশেষ নিরিড় সংশোধনীর শুনানি পর্ব আজ শেষ হওয়ার কথা। কিন্তু একাধিক জেলা প্রশাসন শুনানি পর্বের মেয়াদ আরও সাতদিন বাড়ানোর জন্য মুখ্য নির্বাচনী আধিকারিক এর দণ্ডের কাছে আর্জি জানিয়েছে বলে জানা গিয়েছে। ফলে রাজ্য শুনানির সময়সীমা আরও বাড়বে কিনা তা নিয়ে সংশয় তৈরি হয়েছে বিভিন্ন মহলে। কমিশন সূত্রে জানা গেছে, মালদহ, দক্ষিণ ২৪ পরগনা সহ আরও দু-একটি জেলায় শুনানির কাজ এখনও অনেকটাই

বাকি। মূলত, লজিকাল ডিসক্রিপ্যান্সির তালিকায় বিপুল ভোটারের নাম অন্তর্ভুক্তির কারণে কমিশন নির্দিষ্ট সময়সীমার মধ্যে পুরো শুনানির কাজ সম্পূর্ণ করা সম্ভব নয় বলে জানিয়েছেন জেলা নির্বাচনী আধিকারিকরা। শুনানি সম্পূর্ণ করতে আরও অতিরিক্ত ৭ দিন সময় চেয়ে সিইও দপ্তরে আর্জি জানিয়েছেন জেলা তারা যদিও সময় বাড়ানোর আবেদন নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে নির্বাচন কমিশন। নিয়মমাফিক সময় মেয়াদ বাড়ানোর আবেদন নির্বাচন কমিশনের কাছেই পাঠানো হচ্ছে বলে জানিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নথি হিসেবে স্থায়ী বাসিন্দা সংশাপত্র গ্রহণযোগ্য কিনা তা নিয়ে জটিলতার অবসান ঘটেছে। এ ব্যাপারে নিজেদের অবস্থান স্পষ্ট করে নির্বাচন কমিশন জানিয়ে দিয়েছে, নির্দিষ্ট নিয়ম মেনে জেলাশাসক বা সমতুল কর্তৃপক্ষ ও মহকুমা শাসকদের দেওয়া স্থায়ী বাসিন্দা সংশাপত্র ভোটার তালিকা সংশোধনের ক্ষেত্রে গ্রহণযোগ্য নথি হিসেবে বিবেচিত হবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক কে পাঠানো এক চিঠিতে কমিশনের তরফে জানানো হয়েছে, বিশেষ নিবিড় সংশোধনী নির্দেশিকা অনুযায়ী স্থায়ী বাসিন্দা সংশাপত্র গ্রহণযোগ্য নথির তালিকায় রয়েছে। তবে জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক, মহকুমাশাসক বা কলকাতার ক্ষেত্রে কালেক্টরেট মাধ্যমে জারি জারি করা নথিই ইত্তারও ও এইত্তারওদের গ্রহণ করতে হবে। অন্য কোনও কর্তৃপক্ষের জারি করা নথি গ্রহণযোগ্য হবে না বলেও স্পষ্ট করে দিয়েছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস নির্বাচনে জেতার জন্য ভুয়ো ভোটারদের নাম, তালিকায় রেখে দিতে চাইছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

উত্তর ২৪ পরগণার বাদুরিয়ায় বিডিও অফিসের শুনানি কেন্দ্রে কমিশনের আধিকারিকের হেনস্টার একটি ভিডিও সামাজিক মাধ্যমে পোস্ট করে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে আইন শৃঙ্খলার চরম অবনতি হয়েছে। ফারাক্কা এবং চাকুলিয়ার মতো বাদুরিয়াতেও দুষ্কৃতী হামলার তীব্র নিন্দা করেন তিনি। এই

ঘটনায় নির্বাচন কমিশন ইতমধ্যেই জেলা নির্বাচনী আধিকারিকের কাছে রিপোর্ট তলব করেছে বলে খবর।

SIR-এর শুনানির নামে সাধারণ মানুষের হয়রানির জন্য কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার রাজ্য সরকার নিযুক্ত আধিকারিকদেরকেই দায়ী করেছেন। আজ অভিনেতা প্রসেনজিত চট্টগ্রাম পাওয়ার বাড়িতে গিয়ে তাঁকে পদ্মশ্রী সম্মান পাওয়ার জন্য অভিনন্দন জানান সুকান্ত বাবু। পরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, ভোটার তালিকা স্বচ্ছ না হলে বিজেপি তার ঠিক সময়েই প্রতিক্রিয়া দেবে।

(বাইট- সুকান্ত)

এদিকে, বিজেপি-র একটি প্রতিনিধি দল আজ বিকেলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে গিয়ে তাঁর সঙ্গে সান্ক্ষাৎ করেন। দলে ছিলেন সঞ্জয় সিং, তাপস রায় এবং প্রতাপ ব্যানার্জী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি তাদের সংকল্পপত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশের জন্য সর্বস্তরের মানুষের মতামত গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য এই মতামত গ্রহণের জন্য একটি ইমেইল আইডি-র উদ্বোধন করেন।

শ্রী ভট্টাচার্য বলেন, রাজ্যের ২ কোটি ৩৮ লক্ষ ভোটার বিজেপি-কে ভোট দিয়েছে। এর থেকেই স্পষ্ট ত্রুটি কংগ্রেসকে পরাজিত করার ক্ষমতা একমাত্র বিজেপির-ই রয়েছে।

'সংকল্প ডট ডাবলিউ বি ২০২৬ অ্যাট দ্য রেট বিজেপি বেঙ্গল ডট ওআরজি' এই ইমেইল আইডিতে প্রত্যেকের তাদের মতামত জানাতে পারবে।

এছাড়া ৯৭২৭২৯৪২-৯৪ টোল ফ্রি নম্বরেও মতামত জানানো যাবে। আজ থেকে ১৮-ই ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের বিভিন্ন প্রান্তে ১ হাজার ড্রপ বক্স বসানো হবে। সেখানেও জানানো যাবে পরামর্শ ও প্রস্তাব।

সকলের মতামত ও পরামর্শ নিয়েই সংকল্পপত্র তৈরি হবে। এক প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি জানান, এর আগেও সকলের মতামত নিয়ে সংকল্প পত্র তৈরি করা হয়েছে। তবে এবার সমাজের সর্বস্তরের মানুষের মতামত নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি ও বেসরকারি জমিতে গড়ে ওঠা বিভিন্ন জেলার আরও ১২টি উদ্বাস্ত কলোনিকে স্বীকৃতি দিল রাজ্য সরকার। সংশ্লিষ্ট কলোনিগুলির বাসিন্দাদের আবেদনের ভিত্তিতে ভূমিসংক্ষার দপ্তর ওই বিষয়টি খতিয়ে দেখে। প্রয়োজনীয় যাচাই প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কলোনিগুলিকে স্বীকৃতি দেওয়ার ছাড়পত্র দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের রেল পরিষেবায় প্রথম হাওড়া - গুয়াহাটি রুটে চলছে প্রথম বন্দেভারত মিপার এক্সপ্রেস। আধুনিক প্রযুক্তির আরামদায়ক ভ্রমণ ও উন্নত পরিষেবা সুনিশ্চিত করতে এই ট্রেনে চালু হয়েছে বাঙালী আমিষ ভোজ। পূর্ব রেলের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, নিরামিশের পাশাপাশি, থাকছে আমিষ পদও। যাত্রী সাচ্ছন্দ্য ও আঘাতিক খাদ্য সংস্কৃতিকে গুরুত্ব দিয়ে এই উদ্যোগ বলে রেল কর্তৃপক্ষ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাঢ়গ্রাম থেকে কিশানগঞ্জ পর্যন্ত নতুন হাই স্পিড করিডোরের সঙ্গে যুক্ত করা হবে উত্তর দিনাজপুরের রায়গঞ্জ শহরকে। রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল আকাশবানীকে বলেন, এই করিডোর জাতীয় সড়ক কর্তৃপক্ষ NHAI তত্ত্বাবধানে নির্মিত হবে। মোরগ্রাম - কিশানগঞ্জ হাই স্পিড করিডোরের বারসই ও রায়গঞ্জ এর মধ্যে দিয়ে যাবে বলে খবর। এর মাধ্যমে উত্তর দিনাজপুর জেলার অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ত্বরিত হবে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রীদের নিরাপত্তায় জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু বা দ্বিতীয় হৃগলী সেতু আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী রবিবার সকাল ছয়টা থেকে সঙ্গে ছাটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে আজ কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময়ে এই সেতুর উপর দিয়ে চলাচলকারী যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তাপমাত্রার পারদ কিছুটা কমায় সারা রাজ্যেই শীতের আমেজ। আগামী ৪ দিন সারা রাজ্যেই রাতের তাপমাত্রার উল্লেখযোগ্য কোন পরিবর্তন না হলেও পরবর্তী ৩ দিনে প্রায় ২ ডিগ্রী তাপমাত্রা বাড়ার পূর্বাভাস। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ৫ ডিগ্রি কম।

সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ১ ডিগ্রী কম।

আজ কল্যাণীতে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০ ডিগ্রি সেলসিয়াস। বাঁকুড়ায় ১১ দশমিক ১, পুরুলিয়ায় ১২ দশমিক ৪ ডিগ্রী রেকর্ড করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কল্যাণীতে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালের আজ দ্বিতীয় দিনের শেষে অন্ন প্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংস ৫ উইকেটে ১৯৯ রান করেছে। সুদীপ ঘৰামি ১১২ এবং সুমন্ত গুপ্ত ২২ রানে অপরাজিত আছেন। এর আগে অন্ন প্রদেশের প্রথম ইনিংস ২৯৫ রানে শেষ হয়।

বাংলার মুকেশ কুমার পাঁচটি, আকাশ দীপ চারটি, মহম্মদ শামি একটি উইকেট নিয়েছেন। বাংলা এখনও পিছিয়ে আছে ৯৬ রানে।

000000000000000000000000

ইডেনে আজ টি -২০ বিশ্বকাপের গ্রুপ পর্বের ম্যাচে ওয়েস্ট ইন্ডিজ স্কটল্যান্ডকে ৩৫ রানে হারিয়ে দিয়েছে। স্কটল্যান্ড টসে জিতে ওয়েস্ট ইন্ডিজকে ব্যাট করতে পাঠায়। ওয়েস্ট ইন্ডিজ ২০ ওভারে ৫ উইকেটে ১৮২ রান তোলে। শেমরন হেতমায়ার ৬৪, ব্র্যান্ডন কিং ৩৫ রান করেন। স্কটল্যান্ডের ব্র্যাডলি কারি দুটি উইকেট নেন। জবাবে ব্যাট করতে নেমে স্কটল্যান্ড ১৮ ওভার ৫ বলে ১৪৭ রানে অলআউট হয়ে যায়। অধিনায়ক রিচি বেরিংটন ৪২, টম ব্রুস ৩৫ রান করেন। ওয়েস্ট ইন্ডিজের হয়ে রোমারিও শেপার্ড পাঁচটি, জেসন হোল্ডার তিনটি উইকেট নিয়েছেন। শিমরন হেতমায়ার ম্যাচের সেরা হয়েছেন।

0000000000000000